

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
বাজেট অধিশাখা
সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা
www.molwa.gov.bd

স্মারক নম্বর-৪৮.০০.০০০০.০০৬.০২০.০২২(অংশ-৩).২০১৭-

তারিখঃ ২৬ মাঘ ১৪২৪
০৮ ফেব্রুয়ারি ২০১৮

প্রেরক : মো: মতিয়ার রহমান
উপসচিব (বাজেট)
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা

প্রাপক : প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
সেগুনবাগিচা, ঢাকা।

বিষয় : মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা প্রদান কার্যক্রমের আওতায় দেশের ৫টি জেলায় ২৯৯ জন মুক্তিযোদ্ধার (এপ্রিল-জুন ২০১৭ প্রান্তিকের, ০৩ মাসের) বকেয়া সম্মানী ভাতা ও আংশিক উৎসব ভাতা বাবদ ১,১২,১২,৫০০/- (এক কোটি বার লক্ষ বার হাজার পাঁচশত) টাকা ছাড়করণের আর্থিক মঞ্জুরী জ্ঞাপন।

আদিষ্ট হয়ে 'মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা' প্রদান কার্যক্রম এর আওতায় চলতি ২০১৭-১৮ অর্থ বছরের বাজেটে কল্যাণ ও অনুদান খাতের (৩-৬৩০৫-৩৫৮৭-৫৯২৫) বরাদ্দ অর্থ হতে দেশের ৫টি জেলায় ২৯৯ জন মুক্তিযোদ্ধার (এপ্রিল-জুন ২০১৭ প্রান্তিকের, ০৩ মাসের) ২০১৬-১৭ অর্থবছরের (তামাদি হওয়া) বকেয়া সম্মানী ভাতা ও আংশিক উৎসব ভাতা বাবদ ১,১২,১২,৫০০/- (এক কোটি বার লক্ষ বার হাজার পাঁচশত) টাকা নিম্নোক্ত শর্ত ও বিভাজন অনুসারে ছাড়ের সরকারি আর্থিক মঞ্জুরী জ্ঞাপন করছি:

ক্রমিক	জেলার নাম	ভাতা ভোগীর সংখ্যা	বকেয়া ভাতার বিবরণ (১০,০০০/- টাকা হারে ০৩ মাসের সম্মানী)	৭,৫০০/- টাকা হারে উৎসব ভাতা	মোট টাকা
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)
১	চাঁদপুর	৭৮	২৩,৪০,০০০/-	৫,৮৫,০০০/-	২৯,২৫,০০০/-
২	জামালপুর	৯১	২৭,৩০,০০০/-	৬,৮২,৫০০/-	৩৪,১২,৫০০/-
৩	সিলেট	১০৮	৩২,৪০,০০০/-	৮,১০,০০০/-	৪০,৫০,০০০/-
৪	মাগুরা	১৭	৫,১০,০০০/-	১,২৭,৫০০/-	৬,৩৭,৫০০/-
৫	খাগড়াছড়ি	৫	১,৫০,০০০/-	৩৭,৫০০/-	১,৮৭,৫০০/-
	মোট=	২৯৯	৮৯,৭০,০০০/-	২২,৪২,৫০০/-	১,১২,১২,৫০০/-

২। ছাড়কৃত ১,১২,১২,৫০০/- (এক কোটি বার লক্ষ বার হাজার পাঁচশত) টাকা চলতি ২০১৭-২০১৮ অর্থবছরের বাজেটে ৩-৬৩০৫-৩৫৮৭-৫৯২৫ 'মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা' কার্যক্রম ৫৯০০ সাহায্য মঞ্জুরি ৫৯২৫ কল্যাণ অনুদান খাতে বরাদ্দকৃত অর্থ হতে মিটানো হবে;

৩। বরাদ্দকৃত ১,১২,১২,৫০০/- (এক কোটি বার লক্ষ বার হাজার পাঁচশত) টাকা সারণীতে বর্ণিত সংশ্লিষ্ট জেলার নামের পার্শ্বে প্রদর্শিত সম্মানী ভাতাভোগী মুক্তিযোদ্ধার সংখ্যা অনুসারে (সর্বমোট ২৯৯ জন) মুক্তিযোদ্ধার মাঝে সম্মানী ভাতা এবং উৎসব ভাতা বিতরণের জন্য অনুরোধ জানানো হল;

৪। সংশ্লিষ্ট জেলার পার্শ্বে প্রদর্শিত ও বরাদ্দকৃত অর্থ বিতরণের/উত্তোলনের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণের নিকট অথরিটি প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল (সারণীর কলাম ৬ অনুসারে)। জেলা প্রশাসকগণ তার জেলার অনুকূলে মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা বাবদ বরাদ্দকৃত অর্থ আয়ন ব্যয়ন কর্মকর্তা হিসেবে জেলা হিসাবরক্ষণ কার্যালয় থেকে উত্তোলনপূর্বক সোনালী ব্যাংক/অগ্রণী ব্যাংক/জনতা ব্যাংক/বাংলাদেশ কৃষি ব্যাংক/রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের মাধ্যমে 'মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা হিসাব' খুলে বিতরণের ব্যবস্থা গ্রহণ করবেন;

৫। এ মন্ত্রণালয়ের ১২ জুন ২০১৭ তারিখের ২৪২ নং স্মারকে জারিকৃত পরিপত্রের আলোকে জেলা প্রশাসক ফেরত প্রদানকৃত মুক্তিযোদ্ধা কাগজপত্র যাচাই-বাহাইপূর্বক বিধি-মোতাবেক ভাতা প্রদান করবেন;

অপর পৃষ্ঠায় সদয় দৃষ্টব্য

